




আইইডিসিআর পরিচালিত ইনফ্লুয়েঞ্জা সার্ভিলেন্স হতে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণ ও করণীয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের (ন্যাশনাল ইনফ্লুয়েঞ্জা সেন্টার, এনআইসি) এর অধীনে রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) ও আইসিডিডিআর,বি যৌথভাবে ন্যাশনাল ইনফ্লুয়েঞ্জা সার্ভিলেন্স ইন বাংলাদেশ (এনআইএসবি) এবং হসপিটাল বেজ্‌ড ইনফ্লুয়েঞ্জা সার্ভিলেন্স ইন বাংলাদেশ (এইচবিআইএস) এর কার্যক্রম ১৯ টি হাসপাতালে ২০০৭ সাল থেকে চালিয়ে আসছে।

ইনফ্লুয়েঞ্জা সার্ভিলেন্স হতে প্রাপ্ত জুলাই ২০২৫ মাসের উপাত্ত বিশ্লেষণ করে দেখা যাচ্ছে যে, ২৪৫৫ জন সম্ভাব্য ইনফ্লুয়েঞ্জা রোগীর নমুনা পরীক্ষায় ১৪৫৩ জন (৫৯.২%) রোগীর ইনফ্লুয়েঞ্জা সনাক্ত হয়, যা সার্ভিলেন্স কার্যক্রম শুরু থেকে এ যাবত কালের মধ্যে সর্বোচ্চ সনাক্ত হার।

সাম্প্রতিক কালে দেখা যাচ্ছে যে, কাশি, জ্বর, শ্বাসকষ্ট নিয়ে অনেক রোগী হাসপাতালে চিকিৎসার জন্য যাচ্ছেন, যাদের মধ্যে অধিকাংশই ইনফ্লুয়েঞ্জারোগে আক্রান্ত বলে প্রতিয়মান হচ্ছে।



বাংলাদেশে ইনফ্লুয়েঞ্জার (ফ্লু) এর মৌসুম এপ্রিল থেকে সেপ্টেম্বর। এই সময় করণীয়ঃ

- ❖ সাবান পানি অথবা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে ঘন ঘন হাত পরিষ্কার করুন।
- ❖ কাশি শিষ্টাচার মেনে চলুন। হার্চি-কাশি দেয়ার সময় টিস্যু দিয়ে বা বাহুর ভাজে নাক-মুখ ঢেকে রাখুন, ব্যবহৃত টিস্যু সাথে সাথে ঢাকনা যুক্ত পাত্রে ফেলে দিন এবং সাবান পানি অথবা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করে ফেলুন।
- ❖ আপনার যদি জ্বর, কাশি, শ্বাসকষ্ট থাকে তবে সুস্থ ব্যক্তিদের থেকে দূরে থাকুন।
- ❖ যথাসম্ভব জনসমাগম এড়িয়ে চলুন।
- ❖ প্রয়োজনে মাস্ক ব্যবহার করুন।
- ❖ ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী বিশেষ করে ৫ বছর এর কম বয়সী শিশু, ৬৫ বছরের বেশী বয়সী, যারা দীর্ঘমেয়াদী বিভিন্ন রোগে ভুগছেন, গর্ভবতী নারী এদের জন্য প্রতি বছর ফ্লু মৌসুম শুরুর আগে ইনফ্লুয়েঞ্জার (ফ্লু) ভাইরাসের টিকা নেওয়া দরকার।



IEDCR

রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)
ন্যাশনাল ইনফ্লুয়েঞ্জা সেন্টার (এনআইসি), বাংলাদেশ
মহাখালী, ঢাকা-১২১২